



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ইব্রাহীম খাঁ সরকারি কলেজ
ভূঞাপুর, টাঙ্গাইল।

কলেজ কোড : ৪৮৭৫
বিএমটি কোড : ৫৪০৪৪
জা. বি. কোড : ৫৩২০
EIN No : 114064

www.ibrahimkhangcollege.edu.bd, মোবাইল ফোন : ০১৭৯৮৫৪৭৪৩৩

তারিখ : ১৩ই চৈত্র ১৪৩১ বঙ্গাব্দ
২৭শে মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ

সংবাদ বিজ্ঞপ্তি

ইব্রাহীম খাঁ সরকারি কলেজে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপন

টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলার ঐতিহ্যবাহী ইব্রাহীম খাঁ সরকারি কলেজে যথাযোগ্য মর্যাদায় মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৫ উদযাপিত হয়েছে।

২৬শে মার্চ ২০২৫ সূর্যোদয়ের সঙ্গে সঙ্গে জাতীয় পতাকা উত্তোলন এবং কলেজ শহিদমিনারে মহান মুক্তিযুদ্ধে বীর শহিদদের স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদনের মধ্য দিয়ে দিবসের কর্মসূচির সূচনা হয়। এর আগে ২৩শে মার্চ ২০২৫ কলেজ মাঠে উৎসবমুখর পরিবেশে শিক্ষার্থীদের লাল দল বনাম সবুজ দলের মধ্যে প্রীতি T-20 ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয়।

২৬শে মার্চের সকাল ১০.৩০ মিনিটে আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইব্রাহীম খাঁ সরকারি কলেজের সম্মানিত অধ্যক্ষ প্রফেসর মো. কামরুজ্জামান সরকার, শিক্ষক পরিষদের সম্মানিত সম্পাদক (ভারপ্রাপ্ত) জনাব মোহাম্মদ জাকির হোসেন মোল্লা, মহান বিজয় দিবস ২০২৫ উদযাপন কমিটির আহ্বায়ক জনাব খায়রুল বাশার, সম্মানিত বিভাগীয় প্রধানবৃন্দ, সম্মানিত শিক্ষকবৃন্দ, কর্মচারীবৃন্দ, ছাত্র সংগঠনের নেতৃবৃন্দ, বিএনসিসি, রোভার স্কাউট, রেড ক্রিসেন্ট-এর সদস্যবৃন্দ এবং শিক্ষার্থীবৃন্দ।

বাদ যোহর কলেজ-মসজিদে মহান মুক্তিযুদ্ধে আত্ম-উৎসর্গকারী বীর মুক্তিযোদ্ধাদের আত্মার মাগফিরাত কামনা করে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

সন্ধ্যার পর কলেজের ভবনসমূহ বর্ণিল আলোক-সজ্জায় সজ্জিত করা হয়।

অধ্যক্ষ

ইব্রাহীম খাঁ সরকারি কলেজ

ভূঞাপুর, টাঙ্গাইল।

e-mail : ikgc1948@gmail.com